

## ওয়াক্ফ সম্পত্তি তালিকাভুক্তির দরখাস্ত ফরম পূরণ এবং জমাদানের নিয়মাবলী:

(ওয়াক্ফ অধ্যাদেশ ১৯৬২ এর ৪৭ ধারা অনুযায়ী ওয়াক্ফকৃত সম্পত্তি ওয়াক্ফ প্রশাসকের দপ্তরে তালিকাভুক্ত করা বাধ্যতামূলক)

- ১। ওয়াক্ফ সম্পত্তি তালিকাভুক্তির দরখাস্ত ফরম বিনামূল্যে ওয়াক্ফ অফিস হতে সংগ্রহ করণ বা আমাদের ওয়েব সাইট [www.waqf.gov.bd](http://www.waqf.gov.bd) হতে ডাউনলোড করে নিন।
- ২। তালিকাভুক্তির দরখাস্ত ফরম পূরণের নিয়মঃ  
প্রথমে জাতীয় পরিচয়পত্র অনুযায়ী আবেদনকারী বা মোতাওয়াল্লী/সভাপতি প্রার্থীর যাবতীয় তথ্যাদি দিন। ফরমের ১ নং ক্রমিকে ওয়াক্ফ এস্টেটের নাম, ২ নং ক্রমিকে ওয়াক্ফ দলিলের বিবরণ লিপিবদ্ধ করণ। ৩ ও ৪ নং ক্রমিকে সম্পত্তির মোট বার্ষিক আয় ও ব্যয়ের হিসাব ও ৫ নং ক্রমিকে ওয়াক্ফ সংক্রান্ত মামলা মোকদ্দমার বিবরণ লিখুন। ৬ নং ক্রমিকে সম্পত্তির রেকর্ডীয় বিবরণ এবং ৭ নং ক্রমিকে স্থাবর সম্পত্তি ছাড়া অন্যান্য সম্পত্তির বিবরণ লিপিবদ্ধ করে ফরমের নিচে নির্ধারিত স্থানে আবেদনকারী বা মোতাওয়াল্লী/সভাপতি নিজে স্বাক্ষর দিন এবং পূর্ণ নাম লিখুন।
- ৩। দরখাস্তের সাথে যে সকল প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করতে হবে:  
ক) ওয়াক্ফ দলিলের মূল কপি বা ওয়াক্ফ দলিলের সার্টিফাইড (জাবেদা নকল) এর মূল কপি।  
খ) ওয়াক্ফ সম্পত্তির সকল রেকর্ড বা পর্চার সার্টিফাইড (জাবেদা নকল) কপি এবং মিউটেশনের সার্টিফাইড (জাবেদা নকল) কপি।  
গ) আবেদনকারীর বা মোতাওয়াল্লী/সভাপতির জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।  
ঘ) আবেদনকারী বা মোতাওয়াল্লী/সভাপতির ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি।
- ৪। পূরণকৃত দরখাস্ত ফরম এর সঙ্গে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে মোট ০৩ (তিন) সেট “ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ৪, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০” বরাবরে প্রেরণ করণ।

বিঃদ্র: তদন্ত এবং জেলা প্রশাসকের মতামত সাপেক্ষে তালিকাভুক্তির কার্যক্রম চূড়ান্ত করা হবে।

অনুরোধক্রমে  
ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ।